Time Taken

00:00

Mark Gained

1.'ডেস্ক> ডেক্স' এরূপ পরিবর্তনকে বলা হয়-

a. স্বরভক্তি

b. স্বরসংগতি

c. ধ্বনি বিপর্যয়

d. ধ্বনির্বিকার

Show Answer Show Explanation

Explanation: *** ধ্বনি বিপর্যয়: শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। ** যেমন- ইংরেজি বাক্স > বাস্ক, জাপানি রিক্সা > বাংলা রিস্কা ইত্যাদি। ** অনুরূপ - পিশাচ > পিচাশ, লাফ > ফাল ।

2.মধ্য স্বরাগমের সমার্থক কোনটি?

a. স্বরসঙ্গতি

b. অভিশ্রুতি

c. সম্প্রকর্ষ

d. বিপ্রকর্ষ

Show Answer Show Explanation

Explanation: *** ব্যাখ্যাঃ ** মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি (Anaptyxis) - সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। ** একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। ** যেমন- অ – রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি। ই – প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি। উ – মুক্তা > মুকুতা, তুর্ক > তুরুক, ভ্রু > ভুরু ইত্যাদি। এ – গ্রাম > গেরাম, প্রেক> পেরেক, স্রেফ > সেরেফ ইত্যাদি। ও – শ্লোক > শোলোক, মুরগ > মুরোগ > মোরগ ইত্যাদি।

## 3.ছোট > ছোট্ট কীসের উদাহরণ?

a. সম্প্রকর্ষ

b. পরাগত সমীভবন

c. দ্বিত্ব ব্যাঞ্জন

d. প্রগত সমীভবন

Show Answer Show Explanation

Explanation: *** দ্বিত্ব ব্যঞ্জন (Long Consonant) বা ব্যঞ্জনদ্বিত্বা: কখনো কখনো জোর দেয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বা। ** যেমন- পাকা > পাক্কা, সকাল > সক্কাল ইত্যাদি।

## 4.বিপদজনক> বিপজ্জনক কীসের উদাহরণ?

a. অন্যোন্য সমীভবন

b. পরাগত সমীভবন

c. মধ্য স্বরাগম

d. প্রগত সমীভবন

Show Answer Show Explanation

Explanation: *** সমীভবন (Assimilation) : শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। ** যেমন- জন্ম > জম্ম, কাঁদনা > কান্না ইত্যাদি। *** পরাগত (Regressive) সমীভবন: পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন হয়, একে বলে পরাগত সমীভবন। ** যেমন- তৎ + জন্য > তজ্জন্য,উৎ + মুখ > উন্মুখ ইত্যাদি।

5.ফট + ফট > ফটাফট কীসের উদাহরণ?

a. সমীভবন

b. সম্প্রকর্ষ

c. স্বরাগম

d. অসমীকরণ

Show Answer Show Explanation

Explanation: *** একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয়, তখন তাকে বলে অসমীকরণ। ** যেমন - ধপ + ধপ > ধপাধপ, টপ + টপ > টপাটপ।

6.গ্রাস >গেরাস কীসের উদাহরণ?

a. সমীভবন

b. সম্প্রকর্ষ

c. মধ্য স্বরাগম

d. স্বরসঙ্গতি

Show Answer Show Explanation

Explanation: ব্যাখ্যাঃ *** মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি (Anaptyxis) - সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। *** যেমন- অ – রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি। ই – প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি। উ – মুক্তা > মুকুতা, তুর্ক > তুরুক, ভ্রূ > ভুরু ইত্যাদি। এ – গ্রাম > গেরাম, প্রেক> পেরেক, স্রেফ > সেরেফ ইত্যাদি। ও – শ্লোক > শোলোক, মুরগ > মুরোগ > মোরগ ইত্যাদি। বুঝতে কঠিন লাগলে তাদের জন্য: গ্রাস > গেরাস গ+র+আ+স > গ+এ+র+আ+স gras > geras 'গেরাস' শব্দে 'গ' ও 'র' এর মাঝে 'এ' স্বরধ্বনি এসেছে।

7.বুনা > বোনা কীসের উদাহরণ?

a. সমীভবন

b. সম্প্রকর্ষ

c. স্বরাগম

d. স্বরসঙ্গতি

Show Answer Show Explanation

Explanation: *** স্বরসঙ্গতি (Vowel harmony): একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। ** যেমন- দেশি > দিশি, বিলাতি > বিলিতি, মুলা > মুলো ইত্যাদি। ** প্রগত (Progressive): আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে প্রগত স্বরসঙ্গতি হয়। ** যেমন- মুলা > মুলো, শিকা > শিকে, তুলা > তুলো।

8.নিচের কোনটি ধ্বনি পরিবর্তনের উদাহরণ নয়?

a. প্রাতিপদিক

b. অপিনিহিতি

c. অভিশ্রুতি

d. ধ্বনি-বিপর্যয়

Show Answer Show Explanation

Explanation: *** বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। ** শব্দের সাথে বিভক্তি না থাকলেই তা প্রাতিপদিক। ** যেমন: হাত, ঘর, সুখ, জল, কথা, লোক, ছেলে, মা, ভাই প্রভৃতি মৌলিক শব্দগুলি যেমন প্রাতিপদিকের উদাহরণ, তেমনি হিমালয়, উত্তরবঙ্গ, পদ্মানদী, শিক্ষাগুরু প্রভৃতি সাধিত শব্দও প্রাতিপদিক।

9.'কাঁদনা>কান্না' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?

a. অভিশ্রুতি

b. অপিনিহিতি

c. বর্ণদ্বিত্ব

d. সমীভবন

Show Answer Show Explanation

Explanation: *** সমীভবন (Assimilation) : শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। *** যেমন- জন্ম > জম্ম, কাঁদনা> কান্না, বিল্ব > বিল্ল ইত্যাদি।

10.'স্কুল থেকে ইস্কুল' এখানে কোন ধরনের পরিবর্তন ঘটেছে?

a. আদি স্বরাগম

b. মধ্য স্বরাগম

c. বিপ্রকর্ষ

d. অন্ত্য স্বরাগম

Show Answer Show Explanation

Explanation: *** আদি স্বরাগম (Prothesis): উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনি এলে তাকে বলে আদি স্বরাগম (Prothesis)। ** যেমন- স্কুল > ইস্কুল, স্টেশন > ইস্টিশন। এরূপ - আস্তাবল, আস্পর্ধা।

11.'বর্ষন থেকে বরিষন' হওয়ার সন্ধি সূত্র-

a. স্বরভক্তি

b. স্বরসঙ্গতি

c. অভিশ্রুতি

d. অপিনিহিতি

Show Answer Show Explanation

Explanation: *** ব্যাখ্যাঃ *** মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি (Anaptyxis)- সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। *** যেমন- অ –

রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি। ই – প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি। উ – মুক্তা > মুকুতা, তুর্ক > তুরুক, ভ্রূ >ভুরু ইত্যাদি। এ – গ্রাম > গেরাম, প্রেক> পেরেক, স্রেফ > সেরেফ ইত্যাদি। ও – শ্লোক > শোলোক, মুরগ > মুরোগ > মোরগ ইত্যাদি।

12.'ফলাহার' থেকে 'ফলার' হওয়ার কারণ-

a. ধ্বনি বিপর্যয়

b. বর্ণদ্বিত্ব

c. বর্ণাগম

d. অন্তর্হতি

Show Answer Show Explanation

Explanation: *** অন্তর্হতি: পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি। ** যেমন- ফাল্গুন > ফাগুন, ফলাহার > ফলার, আলাহিদা > আলাদা ইত্যাদি।

13.'ধার' শব্দটি যে ধ্বনি পরিবর্তন প্রক্রিয়ার দৃষ্টান্ত-

a. বিপ্রকর্ষ

b. স্বরভক্তি

c. সম্প্রকর্ষ

d. অন্তর্হতি

Show Answer Show Explanation

Explanation: *** সম্প্রকর্ষ বা স্বরলোপ: দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। ** যেমন- বসতি > বসতি, জানালা > জান্‌লা ইত্যাদি। ক. আদিস্বরলোপ (Aphesis); যেমন- অলাবু > লাবু > লাউ, উদ্ধার > উধার > ধার। খ. মধ্যস্বর লোপ (Syncope): অগুরু > অগ্রু, সুবর্ণ > স্বর্ণ । গ. অন্ত্যস্বর লোপ (Apocope): আশা > আশ, আজি > আজ চারি > চার , (বাংলা), সন্ধ্যা > সঞ্ঝা > সাঁঝ। (স্বরলোপ বস্তুত সরাগমের বিপরীত প্রক্রিয়া )।

14.'বিদ্যা>বিজ্জা' এই ধ্বনি পরিবর্তনকে কী বলা যায়?

a. পরাগত সমীভবন

b. প্রগত সমীভবন

c. বিষমীভবন

d. অন্যোন্য সমীভবন

Show Answer Show Explanation

Explanation: সমীভবন (Assimilation) : শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমন- জন্ম > জম্ম, কাঁদনা> কান্না, বিল্ব > বিল্ল ইত্যাদি। অন্যোন্য (Mutual) সমীভবন: যখন পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিই পরিবর্তিত হয় তখন তাকে বলে অন্যোন্য সমীভবন। যেমন- সংস্কৃত সত্য > প্রাকৃত সচ্চ । সংস্কৃত বিদ্যা > প্রাকৃত বিজ্জা ইত্যাদি।

15.তর্ক > তক্ক - ধ্বনি পরিবর্তনের কোন নিয়মে হয়েছে?

a. ক) দ্বিত্বব্যঞ্জন

b. খ) সমীভবন

c. গ) র-কার লোপ

d. ঘ) সম্প্রকর্ষ

Show Answer Show Explanation

Explanation: উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের মাঝে র-কার লোপ হয়ে পরবর্তী ব্যঞ্জন দ্বিত্ব হলে তাকে র-কার লোপ বলে। যেমন : তর্ক > তক্ক করতে > কত্তে মারল > মাল্ল করলাম > কল্লাম করতাল > কত্তাল। উৎস : ড. হায়াৎ মামুদ, ভাষা-শিক্ষা।

16.‘চারি > চার’ এটি কোন ধরনের ধ্বনিলোপ?

a. ক) আদিস্বর

b. খ) মধ্যস্বর

c. গ) অন্ত্যস্বর

d. ঘ) ই-কার

Show Answer Show Explanation

Explanation: উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের শেষে স্বরধ্বনির লোপ হলে তাকে অন্ত্যস্বর লোপ বলে। যেমন : আশা > আশ আজি > আজ চাকা > চাক চারি > চার উৎস : ড. হায়াৎ মামুদ, ভাষা-শিক্ষা।

17.কোনটি অন্ত্যস্বরাগম?

a. ক) বাক্য > বাইক্য

b. খ) সত্য > সত্যি

c. গ) করিয়া > কইর‍্যা

d. ঘ) ধুলা > ধুলো

Show Answer Show Explanation

Explanation: উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের শেষে স্বরধ্বনি আগমন ঘটলে তাকে স্বরাগম বলে। যেমন : আজ > আজি দিশ > দিশা বেঞ্চ > বেঞ্চি উৎস : ড. হায়াৎ মামুদ, ভাষা-শিক্ষা

18.চন্দ্র > চাঁদ - ধ্বনি পরিবর্তনের কোন নিয়মে হয়েছে?

a. ক) অন্ত্যস্বরাগম

b. খ) নাসিক্যীভবন

c. গ) অঘোষীভবন

d. ঘ) স্বতোনাসিক্যীভবন

Show Answer Show Explanation

Explanation: নাসিক্যব্যঞ্জন বর্ণ (ঙ/ং, ঞ, ণ, ন, ম) লোপ হওয়ার ফলে পূর্ববর্তী স্বরধ্বনি সানুনাসিক হওয়াকে নাসিক্যীভবন বলে। যেমন : ভন্ড > ভাঁড়, গুম্ফ > গোঁফ, কঙ্কণ > কাঁকন, হংস > হাঁস উৎস : ড. হায়াৎ মামুদ, ভাষা-শিক্ষা

19.দুষ্টু>দুষ্ট শব্দটি যে ধ্বনি পরিবর্তন প্রক্রিয়ার দৃষ্টান্ত-

a. বিপ্রকর্ষ

b. স্বরভক্তি

c. সম্প্রকর্ষ

d. অন্তর্হতি

Show Answer Show Explanation

Explanation: *** ব্যাখ্যাঃ ** সম্প্রকর্ষ বা স্বরলোপঃ দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। ** যেমন – বসতি (স- এর নিচে হসন্ত হবে), জানালা > জান্‌লা ইত্যাদি। *** অন্ত্যস্বর লোপ (Apocope)ঃ আশা>আশ, আজি > আজ চারি > চার (বাংলা), সন্ধ্যা > সঞঝা > সাঁঝ। (স্বরলোপ বস্তুত স্বরাগমের বিপরীত প্রক্রিয়া) ।

20.‘ উৎসন্ন> উচ্ছন্ন এই ধ্বনি পরিবর্তনকে কী বলা যায়?

a. পরাগত সমীভবন

b. প্রগত সমীভবন

c. বিষমীভবন

d. অন্যোন্য সমীভবন

Show Answer Show Explanation

Explanation: ব্যাখ্যাঃ সমীভবন (Assimilation) : শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমন- জন্ম > জম্ম, কাঁদনা> কান্না, বিল্ব > বিল্ল ইত্যাদি।

P2A

About
BPSC Link
Privacy Policy
Terms & Conditions
Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved